



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭০.১৬-৬৭১

তারিখঃ ০৩/১০/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ মা ও শিশুর পুষ্টি ও স্বাস্থ্য পরিচর্যা বিষয়ক ৩০ দিন মেয়াদী প্রশিক্ষণের জন্য আত্রহী সুফলভোগী সদস্যদের নামের তালিকা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পভুক্ত উপজেলায় সুফলভোগী গ্রামীন নারীদের আইজিএ ভিত্তিক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে। বর্তমান চাহিদার প্রেক্ষাপটে দেশে মা ও শিশুর পুষ্টি ও স্বাস্থ্য পরিচর্যা বিষয়ক প্রশিক্ষণ প্রাপ্ত নারীদের আত্মকর্মসংস্থানের নতুন সুযোগ সৃষ্টি হয়েছে। সুফলভোগী নারীদের বৈচিত্র্যপূর্ণ এবং লাভজনক পেশায় সম্পৃক্ত করে আত্মনির্ভরশীল করার লক্ষ্যে মা ও শিশুর পুষ্টি ও স্বাস্থ্য পরিচর্যা বিষয়ক ৩০ (ত্রিশ) দিন মেয়াদী আবাসিক প্রশিক্ষণ কোর্স বাপার্ড, কোটালীপাড়া, গোপালগঞ্জে আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রশিক্ষণপ্রাপ্ত সকল সদস্যকে তাদের পেশাগত দক্ষতা কাজে লাগিয়ে উপার্জনের সহযোগিতা করার জন্য বিনামূল্যে ০১ টি করে ফাস্ট এইড বক্স, প্রেসার/ডায়বেটিক পরিমাপ যন্ত্র ও এ্যাপ্রোন প্রদান করা হবে। প্রশিক্ষণ প্রাপ্ত সুফলভোগীদের প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে প্রকল্পভুক্ত গ্রামে ডিসপেনসারী স্থাপন করতে সহযোগিতা প্রদান করা হবে যেখানে সংশ্লিষ্ট অন্যান্য সেবা (প্রাথমিক চিকিৎসা, প্রেসার/ডায়বেটিস পরিমাপ ইত্যাদি) প্রদানের সুযোগ থাকবে।

২। এমতাবস্থায়, উপজেলায় সংশ্লিষ্ট মহিলা সমিতির ব্যবস্থাপনা কমিটি এবং উপজেলা নির্বাহী অফিসারকে সম্পৃক্ত রেখে সংযুক্ত কাগজে উল্লেখিত উপজেলা হতে ০৫ জন (আদর্শ সমিতির সদস্যদের অগ্রাধিকার দিতে হবে) নিম্নোক্ত যোগ্যতা সম্পন্ন আত্রহী সুফলভোগী সদস্যের তালিকা প্রণয়ন করতঃ (সংযুক্ত ছক মোতাবেক) আগামী ১২/১০/২০১৭ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রকল্প সদর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। কোন উপজেলা হতে সুফলভোগীর তালিকা না পাওয়া গেলে তা সংশ্লিষ্ট সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তার দায়িত্ব অবহেলা হিসেবে গণ্য করে তাকে অন্য বিভাগে শাস্তিমূলক বদলি করা হবে।

ক। শিক্ষাগত যোগ্যতা নূন্যতম এস.এস.সি পাশ হতে হবে।

(বিশেষ ক্ষেত্রে উপজেলায় এস.এস.সি পাশ না পাওয়া গেলে ৮ম শ্রেণী পাশ সুফলভোগী সদস্য প্রশিক্ষণে অংশ নিতে পারবে সেক্ষেত্রে অংশগ্রহণকারীকে অবশ্যই ইংরেজী লিখতে এবং পড়তে জানতে হবে।)

খ। সুফলভোগী নারীদের বয়স ১৮-৩৫ বছর হতে হবে।

(৩৫ উর্ধ্ব বয়সের কোন সুফলভোগীকে প্রশিক্ষণে প্রেরণ করা যাবে না কেননা উক্ত প্রশিক্ষণে ইনজেকশন ও স্যালাইন পুশ করা শেখানো হবে।)

গ। বাপার্ড, কোটালীপাড়া, গোপালগঞ্জে ৩০ দিন অবস্থান করার বিষয়ে বৈধ অভিভাবকের অনুমতি থাকতে হবে।

ঘ। ডিসপেনসারী স্থাপন ও পরিচালনার যোগ্যতা ও আত্রহী থাকতে হবে।

ঙ। বৈচিত্র্যপূর্ণ এবং চ্যালেঞ্জিং পেশা গ্রহণে আত্রহী থাকতে হবে।

৩। বিষয়টি অত্যন্ত জরুরী।


০৬/১০/১৭

মোঃ সিফাত আজাদ
সহকারী পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নংঃ ০২-৮১৮৯০৩১

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

-----উপজেলা,

-----জেলা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। উপপরিচালক, বিআরডিবি,-----জেলা।

২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।

৩। পরিচালক (সরেজমিন), মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।

৪। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ-----।

৬। অফিস কপি/ সংশ্লিষ্ট নথি।




বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax:8189029

মা ও শিশুর পুষ্টি ও স্বাস্থ্য পরিচর্যা বিষয়ক প্রশিক্ষণে আগ্রহী প্রকল্পের সুফলভোগী সদস্যদের নামের তালিকা প্রেরণ

০১ম ব্যাচ

জেলার নাম	উপজেলার নাম	ক্রঃ নং	সুফলভোগী প্রশিক্ষণার্থীর সংখ্যা
ভোলা	মনপুরা	০১	০৫ জন
বরিশাল	মুলাদী	০২	০৫ জন
	মেহেন্দীগঞ্জ	০৩	০৫ জন
বরগুনা	বামনা	০৪	০৫ জন
পটুয়াখালী	দশমিনা	০৫	০৫ জন
	বাউফল	০৬	০৫ জন
খুলনা	দাকোপ	০৭	০৫ জন
	পাইকগাছা	০৮	০৫ জন
	কয়রা	০৯	০৫ জন
পিরোজপুর	নাজিরপুর	১০	০৫ জন
	মঠবাড়িয়া	১১	০৫ জন
বিনাইদহ	হরিণাকুন্ডু	১২	০৫ জন
নড়াইল	কালিয়া	১৩	০৫ জন


০৩/১০/১৭
মোঃ সিকাত আলম
সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও বিপণন)
ইয়েসপো, কবিরাজবাড়ি, ঢাকা।



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমাধিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
উপজেলা-----, জেলা-----।

মা ও শিশুর পুষ্টি ও স্বাস্থ্য পরিচর্যা বিষয়ক প্রশিক্ষণে অংশগ্রহণে অগ্রহী সমিতির সুফলভোগী সদস্যদের তালিকাঃ

ক্রঃ নং	সদস্যের নাম ও আইডি নং	সমিতির নাম	ইউনিয়নের নাম	সদস্যভুক্তির তারিখ	শিক্ষাগত যোগ্যতা	জন্ম তারিখ	০১/১০/২০১৭ তারিখে রয়স	মোবাইল নম্বর (নিজের/ পরিবারের)
০১								
০২								
০৩								
০৪								
০৫								

সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

মোঃ সিকানত আজাদ
সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও বিকশ)
ইকেশপো, বিজলশক্তি, রাসা।

০৩/১০/১৭